



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
যশোর পলিটেকনিক ইনস্টিটিউট
যশোর
Web: www.jpi.edu.bd ☎ 02477761392
E-mail: principal@jpi.edu.bd
Facebook: www.facebook.com/jpi.edu.bd



“একটাই লক্ষ্য হতে হবে দক্ষ”
প্রতিষ্ঠান কোডঃ ৩৩০৫৩

“পরীক্ষার্থীদের প্রতি জরুরী ও গুরুত্বপূর্ণ নির্দেশনা”

(কেন্দ্র কোডঃ ৩৩০৫৩)

যশোর পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে আগামী ০৭/০৫/২০২৪ইং তারিখ হতে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত এবং ১ম ২য়, ৪র্থ, ৮ম অনিয়মিত পরীক্ষা/২৪ অনুষ্ঠিত হবে। অত্র কেন্দ্রে অংশগ্রহনকারী সকল পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত নিম্নবর্ণিত জরুরী ও গুরুত্বপূর্ণ নির্দেশনা মেনে চলার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে।
২. পরীক্ষার ছবিযুক্ত মূল প্রবেশপত্র (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষর ও সীলকৃত চলতি পর্বের) ও মূল রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন পূর্বক পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
৩. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি ও নিরাপদ দূরত্ব বজায় রেখে পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।
৪. মোবাইল ফোন, ইলেকট্রনিক্স প্রযুক্তি, প্রোগ্রামিং ক্যালকুলেটর, বই-খাতা, আপত্তিকর/অননুমোদিত কাগজপত্র, যে কোন প্রকার ব্যাগ বা মানিব্যাগ এবং পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।
৫. বোর্ড কর্তৃক প্রকাশিত পরীক্ষার রুটিন অনুযায়ী সঠিক তারিখ ও সময় জেনে পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।
৬. উত্তরপত্র দাখিল না করে পরীক্ষাকক্ষ ত্যাগ করা যাবে না।
৭. এছাড়াও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধিবিধান মেনে পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

নির্দেশক্রমে
কর্তৃপক্ষ
যশোর পলিটেকনিক ইনস্টিটিউট
যশোর।